jatio posu bagh *Indian national animal tiger* Class 5 essay in Bengali font: bagh chotuspod hingsro bonno Hingsrotar jonno ederke sokole voy paye. Bagh varoter jatio posu. Sundorboner **Royal Bengal Tiger**...

আমাদের জাতীয় পশু – বাঘ
(সিডি১১২এন্ডি-)

বাঘ চতুষ্পদ হিংস্র বন্যপ্রাণী। হিংস্রতার জন্য এদেরকে সকলে ভয় পায়। বাঘ ভারতের জাতীয় পশু। সুন্দরবনের রয়েল বেঙ্গল টাইগার বিখ্যাত। বাঘের গায়ে ডোরা ডোরা কালো দাগ থাকে হলুদ রঙের পাশাপাশি। মুখটা গোলাকারা, চোখদুটো উজ্জ্বল ও তীক্ষ্ম দৃষ্টি সম্পন্ন। মুখে গোঁফ আছে। বাঘের মুখে তীক্ষ্ম দাঁত আর থাবায় ধারালো নখ আছে। এদের থাবায় খুব জোর আছে। লম্বা একটা লেজও আছে।

বাঘ ভয়ানক হিংস্র আর মাংসাশী প্রাণী। মানুষ বা অন্য নিরামিষাশী প্রাণীর মাংসই বাঘের খাদ্য। এরা সাধারণত গভীর জঙ্গলে থাকে। জঙ্গলে খাদ্যের অভাব দেখা দিলে এরা লোকালয়ে এসে মানুষ ও গবাদি পশু হত্যা করে খায়। মানুষ খেকো বাঘ খুব ভয়ঙ্কর হয়ে ওঠে। এরা খুব চালাক হয়। শিকার ধরার জন্যে ওঁত পেতে বসে থাকে।

বাঘের দৃষ্টি শক্তি ও ঘ্রাণশক্তি খুব প্রখর। রাতে এদের চোখ বিজলি বাতির মতো জ্বলে। বনের মধ্যে যেখানে জল পাওয়া যায় তার ধারে কাছেই বাঘ বাস করে। দিনের বেলায় গাছের ছায়ায় ঘুমিয়ে কাটায় কারণ এরা গরম সহ্য করতে পারে না। রাত হলেই শিকারে বেরোয়। এরা অত্যন্ত শক্তিশালী প্রাণী।

চামড়ার লোভে বাঘ শিকার করার জন্যে বাঘের সংখ্যা এখন কমে এসেছে। তাই বাঘ সংরক্ষণের জন্যে নানা ব্যবস্থা নেওয়া হয়েছে। সৌন্দর্যের জন্যে বাঘ আমাদের জাতীয় পশু হিসাবে গণ্য হয়েছে।

আমি চিড়িয়াখানায় বাঘ দেখেছি।

***© arked infotech 2015***